**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৪৮ তারিখঃ ১৯/০৬/২০২৫ খ্রি:

# অফিস আদেশ

**বিষয়ঃ এলজিইডি'র আওতাধীন বিভিন্ন ক্রয়কারীর দপ্তরে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে (অনলাইন) ক্রয় সংক্রান্ত দরপত্র মূল্যায়নের জন্য "দরপত্র মূল্যায়ন কমিটি" গঠন প্রসংগে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় বিভিন্ন ক্রয়কারীর দপ্তরে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে (অনলাইন) ক্রয় সংক্রান্ত দরপত্র মূল্যায়নের জন্য ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল অফিস আদেশ বাতিলক্রমে Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines (Revised), 2025 এর Appendix-2 অনুযায়ী নিম্নরূপ "দরপত্র মূল্যায়ন কমিটি" গঠন করা হলো।

**ক. কার্য ও ভৌত সেবা:**

| ক্রয়কারী দপ্তর | দরপত্র মূল্যায়ন কমিটি | আর্থিক সীমা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন বাজেট | অনুন্নয়ন বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। উপজেলা প্রকৌশলীর দপ্তর (কার্য কমিটি-১) | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা **(চেয়ারপারসন)**।<br>২। উপজেলা প্রকৌশলী, পার্শ্ববর্তী উপজেলা **(সদস্য)**।<br>৩। উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (অবর্তমানে জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা) **(সদস্য সচিব)**। | ৩০ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত |
| ২। উপজেলা প্রকৌশলীর দপ্তর (কার্য কমিটি-২) (শুধুমাত্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অর্পনকৃত কার্যের ক্ষেত্রে প্রযোজ্য) | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা **(চেয়ারপারসন)**।<br>২। উপজেলা প্রকৌশলী, পার্শ্ববর্তী উপজেলা **(সদস্য)**।<br>৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা **(সদস্য সচিব)**। | ৩০ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত |
| ৩। নির্বাহী প্রকৌশলীর দপ্তর (জেলা) (কার্য কমিটি-১) | ১। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা **(চেয়ারপারসন)**।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা **(সদস্য)**।<br>৩। সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা (অবর্তমানে জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা) **(সদস্য সচিব)**।<br>বিঃদ্রঃ সিনিয়র সহকারী প্রকৌশলী এবং উপজেলা প্রকৌশলী হিসেবে একই ব্যক্তি কর্মরত থাকলে সংশ্লিষ্ট জেলাধীন অন্য কোন উপজেলা প্রকৌশলী সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। | ৫০ লক্ষ টাকা পর্যন্ত (শুধুমাত্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অর্পনকৃত কার্যের ক্ষেত্রে প্রযোজ্য) | ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| ৪। নির্বাহী প্রকৌশলীর দপ্তর (জেলা) (কার্য কমিটি-২) | ১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা **(চেয়ারপারসন)**।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা **(সদস্য)**।<br>৩। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা **(সদস্য সচিব)**।<br>বিঃদ্রঃ সিনিয়র সহকারী প্রকৌশলী এবং উপজেলা প্রকৌশলী হিসেবে একই ব্যক্তি কর্মরত থাকলে সংশ্লিষ্ট জেলাধীন অন্য কোন উপজেলা প্রকৌশলী সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। | ২০ কোটি টাকা পর্যন্ত | ৫০ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ২ কোটি টাকা পর্যন্ত |
| ৫। নির্বাহী প্রকৌশলীর দপ্তর (জেলা) (কার্য কমিটি-৩) | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট বিভাগ **(চেয়ারপারসন)**<br>২। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা **(সদস্য)**<br>৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা **(সদস্য-সচিব)** | ২০ কোটি টাকার উর্ধ্ব হতে ৩০ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকার উর্ধ্ব হতে ৫ কোটি টাকা পর্যন্ত |
| ৬। প্রকল্প পরিচালকের দপ্তর (কার্য কমিটি-১) | ১। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প **(চেয়ারপারসন)**।<br>২। সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) এলজিইডি, সদর দপ্তর, ঢাকা **(সদস্য)**।<br>৩। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প **(সদস্য সচিব)**।<br>বিঃদ্রঃ কোন প্রকল্পে উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী অথবা প্রকল্প পরিচালকের নিম্নে দুইজন কর্মকর্তা না থাকলে প্রকল্প পরিচালক নিজেই সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। | ক শ্রেণীর প্রকল্প -২০ কোটি, খ শ্রেণীর প্রকল্প -১৫ কোটি এবং গ শ্রেণীর প্রকল্প -১০ কোটি টাকা পর্যন্ত | প্রযোজ্য নয় |

| ক্রয়কারী দপ্তর | দরপত্র মূল্যায়ন কমিটি | আর্থিক সীমা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন বাজেট | অনুন্নয়ন বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭। প্রকল্প পরিচালকের দপ্তর (কার্য কমিটি-২) | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পল্লি অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর **(চেয়ারপারসন)**।<br>২। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/ সিনিয়র সহকারী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প (অবর্তমানে সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা) **(সদস্য)** [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে] ।<br>৩। প্রকল্প পরিচালক, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প **(সদস্য সচিব)**। | ক শ্রেণীর প্রকল্পঃ ২০ কোটি টাকার উর্ধ্ব থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত, খ শ্রেণীর প্রকল্পঃ ১৫ কোটি টাকার উর্ধ্ব থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত এবং গ শ্রেণীর প্রকল্পঃ ১০ কোটি টাকার উর্ধ্ব থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত | প্রযোজ্য নয় |

**খ. পণ্য ও সংশ্লিষ্ট সেবা:**

| ক্রয়কারী দপ্তর | দরপত্র/কোটেশন মূল্যায়ন কমিটি | আর্থিক সীমা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন বাজেট | অনুন্নয়ন বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮। উপজেলা প্রকৌশলীর দপ্তর (পণ্য কমিটি-১) | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা **(চেয়ারপারসন)**।<br>২। উপজেলা প্রকৌশলী, পার্শ্ববর্তী উপজেলা **(সদস্য)**।<br>৩। উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (অবর্তমানে জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা) **(সদস্য সচিব)**। | ২০ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ৯। উপজেলা প্রকৌশলীর দপ্তর (পণ্য কমিটি-২) (শুধুমাত্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অর্পনকৃত কার্যের ক্ষেত্রে প্রযোজ্য) | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা **(চেয়ারপারসন)**।<br>২। উপজেলা প্রকৌশলী, পার্শ্ববর্তী উপজেলা **(সদস্য)**।<br>৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা **(সদস্য সচিব)**। | ২০ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ১০। নির্বাহী প্রকৌশলীর দপ্তর (জেলা) (পণ্য কমিটি-১) | ১। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা **(চেয়ারপারসন)**।<br>২। উপজেলা প্রকৌশলী, সদর উপজেলা, সংশ্লিষ্ট জেলা (অবর্তমানে সহকারী/ উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট অঞ্চল) **(সদস্য)**।<br>৩। সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা (অবর্তমানে উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা) **(সদস্য সচিব)**। | প্রযোজ্য নহে | ৩০ লক্ষ টাকা পর্যন্ত |
| ১১। নির্বাহী প্রকৌশলীর দপ্তর (জেলা) (পণ্য কমিটি-২) | ১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা **(চেয়ারপারসন)**।<br>২। সড়ক ও জনপথ অধিদপ্তরের একজন প্রতিনিধি (বহিঃ সদস্য, উপ-বিভাগীয় প্রকৌশলীর নিচে নয়) **(সদস্য)**।<br>৩। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা **(সদস্য সচিব)** [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে] । | ১০ কোটি টাকা পর্যন্ত | ৩০ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ২ কোটি টাকা পর্যন্ত; |
| ১২। প্রকল্প পরিচালকের দপ্তর (পণ্য কমিটি-১) | ১। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প **(চেয়ারপারসন)**।<br>২। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (যানবাহন ও নির্মাণ যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ নির্বাহী প্রকৌশলী (মান নিয়ন্ত্রণ) (ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ সিনিয়র সহকারী প্রকৌশলী, আইসিটি (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে), সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অন্যান্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে) এলজিইডি, সদর দপ্তর, ঢাকা **(সদস্য)**।<br>৩। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প **(সদস্য সচিব)** [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে]।<br>বিঃদ্রঃ কোন প্রকল্পে উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী অথবা প্রকল্প পরিচালকের নিম্নে দুইজন কর্মকর্তা না থাকলে প্রকল্প পরিচালক নিজেই সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। | ক শ্রেণীর প্রকল্প - ১০ কোটি, খ শ্রেণীর প্রকল্প -৫ কোটি এবং গ শ্রেণীর প্রকল্প -৩ কোটি টাকা পর্যন্ত | প্রযোজ্য নয় |

| ক্রয়কারী দপ্তর | দরপত্র/কোটেশন মূল্যায়ন কমিটি | আর্থিক সীমা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন বাজেট | অনুন্নয়ন বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৩। প্রকল্প পরিচালকের দপ্তর (পণ্য কমিটি-২) | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট ও আইসিটি), এলজিইডি, সদর দপ্তর **(চেয়ারপারসন)**<br>২। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/ সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প **(সদস্য)** [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে]।<br>৩। প্রকল্প পরিচালক, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প **(সদস্য সচিব)**। | ক শ্রেণীর প্রকল্পঃ ১০ কোটি টাকার উর্ধ্ব থেকে ২০ কোটি টাকা পর্যন্ত,<br>খ শ্রেণীর প্রকল্পঃ ৫ কোটি টাকার উর্ধ্ব থেকে ২০ কোটি টাকা পর্যন্ত এবং<br>গ শ্রেণীর প্রকল্পঃ ৩ কোটি টাকার উর্ধ্ব থেকে ২০ কোটি টাকা পর্যন্ত; তবে সকল শ্রেণীর জন্য মোটরগাড়ি ক্রয়ের ক্ষেত্রে ১ কোটি টাকা পর্যন্ত। | প্রযোজ্য নয় |

**গ. কার্য ও ভৌত সেবা এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা:**

| ক্রয়কারী দপ্তর | দরপত্র/কোটেশন মূল্যায়ন কমিটি | আর্থিক সীমা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন বাজেট | অনুন্নয়ন বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর (অঞ্চল) | ১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট অঞ্চল **(চেয়ারপারসন)**।<br>২। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর (সংশ্লিষ্ট অঞ্চলের দপ্তর যে জেলায় অবস্থিত) **(সদস্য)**।<br>৩। সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট অঞ্চল **(সদস্য সচিব)** [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে]। | প্রযোজ্য নয় | কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫ কোটি টাকা পর্যন্ত এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ২ কোটি টাকা পর্যন্ত। |
| ১৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর (বিভাগ) | ১। নির্বাহী প্রকৌশলী (পুরকৌশল/যান্ত্রিক), এলজিইডি, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট বিভাগ **(চেয়ারপারসন)**।<br>২। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর (সংশ্লিষ্ট বিভাগের দপ্তর যে জেলায় অবস্থিত) **(সদস্য)**।<br>৩। নির্বাহী প্রকৌশলী (পুরকৌশল/যান্ত্রিক)/ সিনিয়র সোসিওলজিষ্ট/ সহকারী প্রকৌশলী, এলজিইডি, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট বিভাগ **(সদস্য সচিব)** [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে]। | প্রযোজ্য নয় | কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫ কোটি টাকা পর্যন্ত এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ২ কোটি টাকা পর্যন্ত। |
| ১৬। সদর দপ্তরের বিভিন্ন ইউনিট/উইং | ১। নির্বাহী প্রকৌশলী (অবর্তমানে সিনিয়র সহকারী প্রকৌশলী), এলজিইডি, সংশ্লিষ্ট ইউনিট/উইং **(চেয়ারপারসন)**;<br>২। সিনিয়র সহকারী প্রকৌশলী, প্রকিউরমেন্ট/আইসিটি/প্রশাসন/ ডিজাইন ইউনিট, এলজিইডি, সদর দপ্তর (সংশ্লিষ্ট ইউনিট/উইং ব্যতিত) **(সদস্য)**;<br>৩। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট ইউনিট/উইং **(সদস্য সচিব)** [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে]। | প্রযোজ্য নয় | কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫ কোটি টাকা পর্যন্ত এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ২ কোটি টাকা পর্যন্ত। |

২। **কমিটির কার্যপরিধিঃ**

ক. দরপত্র মূল্যায়ন কমিটি পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮, Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines (Revised), 2025 ও দরপত্র দলিল অনুযায়ী e-GP Portal-এ উল্লিখিত ধাপসমূহ যথাযথভাবে অনুসরণক্রমে-
(১) এলজিইডি'র আওতায় কমিটির পাশে উল্লিখিত আর্থিক সীমা পর্যন্ত সকল দরপত্র মূল্যায়ন করবে;
(২) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তত করবে;
(৩) মূল্যায়ন প্রতিবেদন পিপিআর ২০০৮ এর বিধি-৩৬ মোতাবেক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে;

খ. অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) অথবা তাঁর নিম্নে কোন কর্মকর্তা হলে দরপত্র মূল্যায়ন কমিটিতে কমপক্ষে ১ (এক) জন সদস্য অন্য ক্রয়কারীর (Other PE) দপ্তর হতে অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করতে হবে।

গ. অনুমোদনকারী কর্তৃপক্ষ মন্ত্রণালয় অথবা CCGP হলে দরপত্র মূল্যায়ন কমিটিতে কমপক্ষে ১ (এক) জন বহিঃসদস্য অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করতে হবে।

ঘ. পণ্য ও সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Reveiw কমিটির কোন সদস্যকে একই পণ্য ও সংশ্লিষ্ট সেবার দরপত্র মূল্যায়ন কমিটির কারিগরি সাব-কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে না।

ঙ. ইতোপূর্বে বিদ্যমান (রহিত) কমিটির আওতায় অনিষ্পন্ন দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কার্যক্রম রহিত কমিটির মাধ্যমেই নিষ্পন্ন করতে হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

২১/০৬/২০২৫

**(মোঃ আব্দুর রশীদ মিয়া)**
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮- ৪৮/১(১০) তারিখঃ ২১/০৬/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিপিপিএ, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৬। প্রকল্প পরিচালক (সকল)..................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ .........................................।
৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ........................................ উপজেলা, জেলাঃ ................................।
৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ........................................ উপজেলা, জেলাঃ ................................।
১০। অফিস কপি।

২১/০৬/২০২৫

**(মোঃ জাহিদ হোসেন খান)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd